দৈনিক জনকণ্ঠ

তারিখ 14 FEB 1994
পৃষ্ঠা ৭ কলাম ২

72

# পটুয়াখালীতে ৫ শতাধিক শিক্ষক-কর্মচারীর ৩ মাস যাবত বেতন বন্ধ

পটুয়াখালী, ১২ ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা) ।- পটুয়াখালী জেলার ৫০টি মাধ্যমিক ও নিম্ন বিদ্যালয়ের ৫ শতাধিক শিক্ষক ও কর্মচারী গত ৩ মাস ধরে বেতন না পেয়ে মানবেতর জীবনযাপন করছেন।

নানাবিধ অব্যবস্থা ও দুর্নীতির দায়ে গত নবেম্বর মাসে পটুয়াখালী জেলার ৫০টি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতা বন্ধ করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরিদফতরের সুপারিশ ক্রমে এ বেতন-ভাতা বন্ধ করা হয়। এসব বিদ্যালয়ের ৫শ ৬৮ জন শিক্ষক ও কর্মচারী এ নির্দেশের কবলে পড়ে বিগত ৩ মাস ধরে বেতন পাচ্ছেন না।

বেতন বন্ধ হয়ে যাওয়া এ শিক্ষা প্রতিষ্ঠানের সব কটিই গ্রামাঞ্চলে অবস্থিত। সরকারী স্কেল মোতাবেক এসব বিদ্যালয়ের শতকরা ৭০ ভাগ সরকার এবং বাকি ৩০ ভাগ বিদ্যালয় কর্তৃপক্ষ বহন করে। গ্রাম অঞ্চলের বিদ্যালয়গুলোর আয়ের পরিমাণ কম হওয়ায় অধিকাংশ শিক্ষক ও কর্মচারী বিদ্যালয়ের দেয় ৩০ ভাগ বেতন নগদ না নিয়েই খাতায় সই করেন।